# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : ০৯/কলি-২য়খন্ড/২৪ তারিখ : ০৫/০২/২০২৩

## বিজ্ঞপ্তি

বিষয়: ২০২১-২০২২শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্টদের জানানো যাচ্ছে যে, ছাড়পত্রের (ইটিসি) মাধ্যমে এক কলেজ থেকে অন্য কলেজে ভর্তির অনুমতির জন্য আবেদনের সময়সীমা ০৬/০২/২০২৩ খ্রি. তারিখ থেকে ১৬/০২/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো। এই সময়ের মধ্যে শিক্ষার্থীর অনলাইন আবেদনের ভিত্তিতে ১ম প্রতিষ্ঠান অনলাইনে স্বাক্ষর/সাইন করলে ২য় প্রতিষ্ঠান/ভর্তিচ্ছু প্রতিষ্ঠান অনলাইনে সাইন/স্বাক্ষর করবে। অত:পর সোনালী সেবার ১১০০/- (এক হাজার একশত) টাকার পে-স্লিপ তৈরী হবে (অটো জেনারেটেড)। উক্ত পে-স্লিপ এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ০৫ (পাঁচ) দিনের মধ্যে নির্দ্ধারিত ফিস জমা দিতে হবে, অন্যথায় আবেদনটি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, আন্তঃবোর্ড বদলীর ক্ষেত্রে (বিটিসি) প্রয়োজনীয় ফি সহ নির্ধারিত ফরমে আবেদন এবং প্রাসঙ্গিক কাগজপত্র উচ্চ মাধ্যমিক নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

**বি. দ্রঃ**

- শিক্ষার্থীর অনলাইন আবেদনের ভিত্তিতে নিজ নিজ প্রতিষ্ঠান টিসি অপসন (www.rajshahieducationboard.gov.bd) এ log in করে user id এবং password ব্যবহার করে সংশ্লিষ্ট শিক্ষার্থীর পক্ষে sign করবে; অনুরুপভাবে ভর্তিচ্ছু প্রতিষ্ঠান নির্ধারিত GPA এবং আসন ফাকাঁ থাকা সাপেক্ষে sign করবে।
- ছাড়পত্র প্রদানের অনুমতি পাওয়ার পর বর্তমান কলেজ থেকে ছাড়পত্র গ্রহণ করে ১৫ দিনের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে ।
- ছাড়পত্র প্রদানকালে কলেজে সংরক্ষিত একডেমিক ট্রান্সক্রিপ্ট ফেরত প্রদান করতে হবে এবং ভর্তি গ্রহণকারী কলেজকে শিক্ষার্থীর নিকট থেকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট নিয়ে নিজ হেফাজতে সংরক্ষণ করতে হবে ।
- ছাড়পত্র প্রদানকারী কলেজ যে মাসে ছাড়পত্র প্রদান করবে সেই মাস পর্যন্ত বেতনাদি গ্রহণ করবে এবং ভর্তি গ্রহণকারী কলেজ পূর্বের কলেজে যে পর্যন্ত বেতন পরিশোধ আছে তার পরবর্তী মাস থেকে বেতনাদি গ্রহণ করবে ।

০৫/০২/২৩

প্রফেসর মোঃ হাবিবুর রহমান
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক:

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
উচ্চ মাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

স্মারক নং- তারিখ ঃ

**অনুলিপি অবগতি ও কার্যার্থে:**

১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (চ:দা:) শিক্ষা বোর্ড রাজশাহী ওয়েবসাইট খুলে দেয়ার জন্য বলা হ'ল।
২। অফিস নথি

প্রফেসর মোঃ হাবিবুর রহমান
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

## ইলেক্ট্রনিক ছাড়পত্র (ই-টিসি) নির্দেশিকা

## Electronic Transfer Certificate (e-TC) Instruction

| |
|---|
| জেএসসি/এসএসসি/এইচএসসি নিবন্ধন |
| জেএসসি/এসএসসি/এইচএসসি ফর্মপূরণ |
| পরীক্ষা হাজিরা |

| Home | Application Status | Admission Cancel | New Admission | Login |
|---|---|---|---|---|

ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল

**আবেদনকারী:**

রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট এ (**www.rajshahieducationboard.gov.bd**)–এ **"ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল"** অপশনে ক্লিক করে আবেদনকারী Exam Name- HSC/SSC, Exam Year সিলেক্ট করে Previous Examination Information এ Exam- SSC/JSC, Board– Rajshahi/Dhaka/Dinajpur/Madrasah ইত্যাদি, Exam Year সিলেক্ট করে Registration No & Roll No পূরণ করে Find-এ ক্লিক করলে, আবেদনকারীর নাম/পিতার নাম/মাতার নাম বিভাগ ও বর্তমান প্রতিষ্ঠানের নাম পাওয়া যাবে। মোবাইল নম্বর, জেন্ডার- Male/Female, Version, Shift, TC Institute District এবং TC Institute পূরন করে, বদলি জনিত কারণ পিতা/মাতার বদলি/বাসস্থান পরিবর্তন/যাতায়াত সমস্যা/আর্থিক অস্বচ্ছলতা টিক চিহ্ন দিয়ে Next Button এ ক্লিক করলে আবেদনকারী দুই প্রতিষ্ঠানের নামসহ তার তথ্য পাবেন। আবেদনকারীকে আবেদনের সাথে অনলাইনে পূরণকৃত তথ্য e-TC Form সংযুক্ত করে প্রতিষ্ঠানে আবেদন করতে হবে।

**১ম প্রতিষ্ঠান/যে প্রতিষ্ঠান ছাড়পত্র দিবে:**

রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট এ **"ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল"** থেকে Login-এ ক্লিক করে User id: EIIN No ও Password (রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত প্রথম Password) ব্যবহার করে Apply From TC (out) থেকে Apply From TC Pending এ ক্লিক করে প্রতিষ্ঠানের TC আবেদনের তালিকা দেখতে পারবেন। Sign এ ক্লিক করলে প্রতিষ্ঠানের email Address-এ একটি OTP (পাসওয়ার্ড) যাবে। OTP সংগ্রহ করে Submit করলে প্রাথমিক ভাবে TC এর অনুমতি পাবে এবং Apply From TC Pending তালিকা থেকে আবেদনটি Sign TC তালিকায় চলে যাবে অর্থাৎ Sign TC তালিকায় আবেদন পাওয়া যাবে। একই সাথে নতুন প্রতিষ্ঠান এর TC Pending তালিকায় আবেদনটি পাওয়া যাবে।

**২য় প্রতিষ্ঠান/যে প্রতিষ্ঠান ছাড়পত্র গ্রহণ করবে:**

রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট এ **"ছাড়পত্র/ভর্তি/ভর্তি বাতিল"** ক্লিক করে প্রতিষ্ঠান Login করে নিজেস্ব User id: (EIIN No) ও Password (রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত প্রথম Password) ব্যবহারের মাধ্যমে Add By TC (in) থেকে TC Pending এ ক্লিক করলে পূর্বের প্রতিষ্ঠান থেকে TC অনুমতি প্রাপ্ত ছাত্র/ছাত্রীর তালিকা দেখাবে এবং আসন ফাঁকা সাপেক্ষে অনুমতি দিতে চাইলে তার নামের পার্শ্বে Sign-এ ক্লিক করলে প্রতিষ্ঠানের email Address-এ একটি OTP (পাসওয়ার্ড) যাবে। OTP সংগ্রহ করে Submit করলে এই ছাত্র/ছাত্রী TC এর জন্য অনুমতি পাবে এবং TC Pending তালিকা থেকে আবেদনটি Sign TC তালিকায় চলে যাবে অর্থাৎ Sign TC তালিকায় আবেদন পাওয়া যাবে। উভয় প্রতিষ্ঠানের Sign করার পর শিক্ষা বোর্ড অনুমতি প্রদান করলে সোনালী সেবা স্লিপ তৈরী হবে। Application Status-এ ক্লিক করে আবেদনকারী তথ্য পূরণ করলে সোনালী সেবা স্লিপ পাওয়া যাবে, আবেদনকারীকে উক্ত সোনালী সেবা স্লিপের টাকা ব্যাংকে জমা দিলে, আবেদনটি উভয় প্রতিষ্ঠানের Confirm TC তালিকায় পাওয়া যাবে অর্থাৎ আবেদনকারীর TC/ছাড়পত্র কার্যক্রম সম্পন্ন হয়েছে, তবে সোনালী সেবা স্লিপের টাকা ৫ দিনের মধ্যে জমা না দিলে আবেদনটি বাতিল হয়ে যাবে (পুনরায় TC নিতে চাইলে নতুন করে আবেদন/সংশোধন করতে হবে)। ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠান যে মাসে ছাড়পত্র প্রদান করবে সেই মাস পর্যন্ত বেতনাদি গ্রহণ করবে এবং ভর্তি গ্রহণকারী প্রতিষ্ঠান পূর্বের প্রতিষ্ঠানে যে পর্যন্ত বেতন পরিশোধ আছে তার পরবর্তী মাস থেকে বেতনাদি গ্রহণ করবে।

স্বা:/-
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্বা:/-
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী